# জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

ত্রিশাল (নামাপাড়া, বটতলা), ময়মনসিংহ-২২২৪




# ভর্তি নির্দেশিকা

## শিক্ষাবর্ষ ২০১৯-২০২০

## প্রাসঙ্গিক তথ্যাবলি

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম-এর কৈশোর স্মৃতি বিজড়িত ত্রিশালের নামাপাড়ার বটতলায় জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়-এর যাত্রা শুরু হয় ৯ মে ২০০৬ সালে। সংস্কৃতি ও প্রযুক্তির মেলবন্ধনে শহরের যান্ত্রিক কোলাহল থেকে দূরে নিরিবিলি ও ছায়া সুনিবিড় সবুজ এই ক্যাম্পাস। মোট ০৪ (চার) টি বিভাগ নিয়ে শুরু করে এর পথচলা। ১৩ বছরের ব্যবধানে বর্তমানে ২৩ (তেইশ) টি বিভাগে শিক্ষা কার্যক্রম চলমান আছে।

**জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের সংক্ষিপ্ত পরিচিতি:**

| | |
|---|---|
| নাম | : জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয় |
| চ্যান্সেলর | : জনাব মোঃ আবদুল হামিদ, মহামান্য রাষ্ট্রপতি, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ |
| ভাইস-চ্যান্সেলর | : প্রফেসর ড. এ এইচ এম মোস্তাফিজুর রহমান |
| ট্রেজারার | : প্রফেসর মোঃ জালাল উদ্দিন |
| মোট আয়তন | : ৫৭ একর |
| প্রতিষ্ঠাকাল | : ৯ মে ২০০৬ |
| উদ্বোধন | : ৩ জুন ২০০৬ |
| উদ্বোধনী ক্লাস | : ৩ জুন ২০০৭ |
| উদ্বোধনী বিভাগ | : বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ, ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ, সংগীত বিভাগ এবং কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ |
| উদ্বোধনী শিক্ষাবর্ষ | : ২০০৬-২০০৭ |
| বর্তমান শিক্ষার্থী | : ৭,২৯৬ জন |

**অনুষদওয়ারি বিভাগসমূহ:**

| অনুষদের নাম | বিভাগসমূহ |
|---|---|
| কলা অনুষদ | ১) বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ |
| | ২) ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ |
| | ৩) সংগীত বিভাগ |
| | ৪) চারুকলা বিভাগ |
| | ৫) থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ |
| | ৬) ফিল্ম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগ |
| | ৭) দর্শন বিভাগ |
| বিজ্ঞান ও প্রকৌশল অনুষদ | ১) কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ |
| | ২) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ |
| | ৩) এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ |
| | ৪) পরিসংখ্যান বিভাগ |
| সামাজিক বিজ্ঞান অনুষদ | ১) অর্থনীতি বিভাগ |
| | ২) লোক প্রশাসন ও সরকার পরিচালনবিদ্যা বিভাগ |
| | ৩) আইন ও বিচার বিভাগ |
| | ৪) ফোকলোর বিভাগ |
| | ৫) নৃবিজ্ঞান বিভাগ |
| | ৬) পপুলেশন সায়েন্স বিভাগ |
| | ৭) স্থানীয় সরকার ও নগর উন্নয়ন বিভাগ |
| | ৮) সমাজবিজ্ঞান বিভাগ |
| ব্যবসায় প্রশাসন অনুষদ | ১) হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগ |
| | ২) ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগ |
| | ৩) হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ |
| | ৪) ব্যবস্থাপনা বিভাগ |

## বিভিন্ন কার্যক্রম:



২৬ মার্চ মহান স্বাধীনতা দিবস ২০১৯ উদ্‌যাপন



বই মেলা ২০১৯



রবীন্দ্র জয়ন্তী ২০১৯ উদ্‌যাপন




নজরুল জয়ন্তী ২০১৯ উদ্‌যাপন

## আবাসিক হল



অগ্নি-বীণা হল



দোলন-চাঁপা হল

## কেন্দ্রীয় গ্রন্থাগার



# ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির বিজ্ঞপ্তি

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে নিম্নবর্ণিত ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের নিকট থেকে অনলাইন (Online) এর মাধ্যমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

**১। নিম্নলিখিত ইউনিটের অন্তর্ভুক্ত বিভাগসমূহে ভর্তির নিমিত্তে সংশ্লিষ্ট ইউনিটে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করা যাবে।**

| ইউনিট | ইউনিটভুক্ত বিভাগের নাম ও আসন সংখ্যা | মোট আসন |
|---|---|---|
| A | (১) বাংলা ভাষা ও সাহিত্য বিভাগ-৫৫ (২) ইংরেজি ভাষা ও সাহিত্য বিভাগ-৫০ এবং (৩) দর্শন বিভাগ-৫০ | ১৫৫ |
| B | (১) কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-৪০ (২) ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং বিভাগ-৪০ (৩) এনভায়রনমেন্টাল সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ-৪০ এবং (৪) পরিসংখ্যান বিভাগ-৪০ | ১৬০ |
| C | (১) হিসাববিজ্ঞান ও তথ্য পদ্ধতি বিভাগ-৫০ (২) ফিন্যান্স অ্যান্ড ব্যাংকিং বিভাগ-৫০ (৩) হিউম্যান রিসোর্স ম্যানেজম্যান্ট বিভাগ-৫০ এবং (৪) ব্যবস্থাপনা বিভাগ-৫০ | ২০০ |
| D | (১) অর্থনীতি বিভাগ-৫০ (২) লোক প্রশাসন ও সরকার পরিচালনবিদ্যা বিভাগ-৫০ (৩) আইন ও বিচার বিভাগ-৫০ (৪) ফোকলোর বিভাগ-৫০ (৫) নৃবিজ্ঞান বিভাগ-৫০ (৬) পপুলেশন সায়েন্স বিভাগ-৫০ (৭) স্থানীয় সরকার ও নগর উন্নয়ন বিভাগ-৫০ এবং (৮) সমাজবিজ্ঞান বিভাগ-৫০ | ৪০০ |
| E | (১) সংগীত বিভাগ-৫৫ (২) চারুকলা বিভাগ-৪০ (৩) থিয়েটার অ্যান্ড পারফরম্যান্স স্টাডিজ বিভাগ-২৫ এবং (৪) ফিল্ম অ্যান্ড মিডিয়া স্টাডিজ বিভাগ-২৫ | ১৪৫ |
| | সর্বমোট= | ১০৬০ |

**২। আবেদনকারীর ন্যূনতম যোগ্যতা:**

যে সকল শিক্ষার্থী ২০১৬ বা ২০১৭ সালে এস.এস.সি/সমমান এবং ২০১৮ বা ২০১৯ সালে এইচ.এস.সি/সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে সে সকল শিক্ষার্থী কেবলমাত্র নিম্নবর্ণিত যোগ্যতা পূরণ সাপেক্ষে উপরোক্ত ইউনিটসমূহের ভর্তি পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে। তবে B ইউনিটের ডিপ্লোমা প্রার্থীদের ক্ষেত্রে এস.এস.সি/সমমান ২০১৪ ও ২০১৫ সালের উত্তীর্ণ প্রার্থীগণ আবেদন করতে পারবে।

| ইউনিট | এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/ সমমান পরীক্ষায় চতুর্থ বিষয়সহ ন্যূনতম জিপিএ | বিভাগীয় শর্তসমূহ |
|---|---|---|
| A | i) মানবিক শাখার জন্য উভয় পরীক্ষায় জিপিএ ন্যূনতম ৩.৫০ সহ সর্বমোট জিপিএ ৭.৫০ থাকতে হবে।<br>ii) ব্যবসায় শিক্ষা ও বিজ্ঞান শাখার জন্য উভয় পরীক্ষায় জিপিএ ন্যূনতম ৩.৫০ সহ সর্বমোট জিপিএ ৮.০০ থাকতে হবে।<br>iii) কারিগরি/মাদ্রাসাসহ অন্যান্য শাখার জন্য উভয় পরীক্ষায় জিপিএ ন্যূনতম ৩.৫০ সহ সর্বমোট জিপিএ ৮.৫০ থাকতে হবে। | ইংরেজি বিভাগে ভর্তির ক্ষেত্রে-<br>i) এস.এস.সি/সমমান ও এইচ.এস.সি/সমমান উভয় পরীক্ষায় ইংরেজি বিষয়ে আলাদাভাবে জিপিএ ৫.০০ এর মধ্যে অবশ্যই জিপিএ ন্যূনতম ৪.০০ থাকতে হবে।<br>ii) MCQ পরীক্ষায় ইংরেজি অংশের ৩০ নম্বরের মধ্যে ন্যূনতম ১২ নম্বর পেতে হবে।<br>iii) লিখিত পরীক্ষায় ইংরেজি অংশের ১৫ নম্বরের মধ্যে ন্যূনতম ৬ নম্বর পেতে হবে। |
| B | i) বিজ্ঞান শাখায় উভয় পরীক্ষায় প্রত্যেকটিতে জিপিএ ন্যূনতম ৩.৫০ সহ সর্বমোট জিপিএ ৭.৫০ থাকতে হবে।<br>ii) ডিপ্লোমা প্রাপ্ত প্রার্থীদের ক্ষেত্রে প্রত্যেকটিতে জিপিএ ন্যূনতম ২.৫ সহ (জিপিএ-4.00 স্কেলে) সর্বমোট জিপিএ ন্যূনতম ৬.৫০ থাকতে হবে। | - |
| C | i) ব্যবসায় শিক্ষা ও মানবিক শাখার জন্য উভয় পরীক্ষায় ন্যূনতম ৩.৫০ সহ সর্বমোট জিপিএ ৭.০০ থাকতে হবে।<br>ii) বিজ্ঞান, কারিগরি ও অন্যান্য শাখার জন্য উভয় পরীক্ষায় ন্যূনতম ৩.৫০ সহ সর্বমোট জিপিএ ৭.৫০ থাকতে হবে। | - |
| D | i) বিজ্ঞান শাখার জন্য উভয় পরীক্ষায় জিপিএ ন্যূনতম ৪.০০ সহ সর্বমোট জিপিএ ৮.০০ থাকতে হবে।<br>ii) মানবিক শাখার জন্য উভয় পরীক্ষায় জিপিএ ন্যূনতম ৩.৫০ সহ সর্বমোট জিপিএ ৭.৫০ থাকতে হবে।<br>iii) ব্যবসায় শিক্ষা শাখার জন্য উভয় পরীক্ষায় জিপিএ ন্যূনতম ৩.৭৫ সহ সর্বমোট জিপিএ ৮.০০ থাকতে হবে।<br>iv) কারিগরি ও অন্যান্য শাখার জন্য উভয় পরীক্ষায় জিপিএ ন্যূনতম ৪.০০ সহ সর্বমোট জিপিএ ৮.০০ থাকতে হবে। | MCQ পরীক্ষায় ইংরেজি অংশের ২৫ নম্বরের মধ্যে ন্যূনতম ৯ নম্বর পেতে হবে। |
| E | সকল বিভাগের ক্ষেত্রে উভয় পরীক্ষায় জিপিএ ন্যূনতম ৩.০০ সহ সর্বমোট জিপিএ ৭.০০ থাকতে হবে। | - |
| **ভর্তি পরীক্ষায় (MCQ ও লিখিত) ইলেকট্রনিক ডিভাইস যেমন ক্যালকুলেটর, মোবাইল ফোন, ডিজিটাল ঘড়ি বা অন্যান্য ডিভাইস বহন সম্পূর্ন নিষিদ্ধ।** | | |

**৩। আবেদনের নিয়মাবলি:**

(ক) আবেদনকারীকে **https://jkkniu.admission.online** এই ওয়েব লিংকের মাধ্যমে আবেদন সম্পন্ন করতে হবে। বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট **www.jkkniu.edu.bd** থেকে আবেদনকারী ভর্তি সংক্রান্ত নির্দেশিকা, আবেদনের লিংক এবং নোটিশ দেখতে পাবে।

(খ) ওয়েবসাইটে প্রবেশের পূর্বে নিম্নবর্ণিত জিনিসগুলো সাথে থাকতে হবে:

i. স্ক্যান করা অথবা ডিজিটাল ক্যামেরায় তোলা 300 X 300 Pixel মাপের নিজস্ব একটি স্পষ্ট রঙিন ছবি (ফাইল ফরমেট jpg, ফাইল সাইজ 100 KB)।

ii. 300 X 80 Pixel মাপের স্ক্যান করা আবেদনকারীর পূর্ণ নামের বাংলায় স্বাক্ষর (কাগজে কালো কালির কলম দিয়ে গাঢ় করে স্বাক্ষর করে স্ক্যান করতে হবে, ফাইল ফরমেট jpg এবং ফাইলের সাইজ 60 KB)।

iii. অনলাইনে ভর্তির জন্য **শিওরক্যাশ/bKash/DBBL Rocket-এ ৮১০/- (সকল চার্জসহ) টাকা পেমেন্ট করতে হবে।** পেমেন্ট সম্পন্ন হওয়ার পর আবেদনকারীর যে মোবাইল হতে টাকা পাঠানো হয়েছে, সেটিতে তাৎক্ষণিক একটি SMS যাবে, যার মধ্যে **Transaction ID** উল্লেখ থাকবে। **এই Transaction ID টি সংরক্ষণ করতে হবে।**

iv. ফরম পূরণের সময় এই **Transaction ID** টি ইনপুট দিতে হবে।

(গ) ভর্তির ওয়েবসাইটে আবেদন করার দুইটি অপশন আছে:

i. একটি **HSC/সমমান** পাশ করেছে তাদের জন্য।

ii. আরেকটি যারা **O-Level/A-Level** বা বিদেশ থেকে পাশ করেছে তাদের জন্য। **O-Level/A-Level** এর প্রার্থীদের **English Medium/Foreign Application** ফরমটি পূরণ করে **ID** সংরক্ষণ করতে হবে, এটা ছাড়া আবেদন করা যাবে না।

(ঘ) **HSC/সমমান** এর প্রার্থীদের ভর্তির আবেদন করার জন্য ওয়েবসাইটের **"আবেদন"** বাটনে ক্লিক করত হবে।

(ঙ) **"আবেদন"** বাটনে ক্লিক করার পর **"আবেদন"**-এর তথ্যের পেইজে আবেদনকারীর **HSC/সমমানের** পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাশের সাল ও বোর্ডের নাম এবং **SSC/সমমানের** পরীক্ষার রোল নম্বর, রেজিস্ট্রেশন নম্বর, পাশের সাল ও বোর্ডের নাম প্রদান করে **"অগ্রসর হোন"** বাটনে ক্লিক করতে হবে। পরবর্তী পেইজে আবেদনকারীর **HSC/সমমান ও SSC/সমমান** পরীক্ষার তথ্যাবলী দেখা যাবে।

(চ) প্রদর্শিত তথ্য সঠিক থাকলে নির্ধারিত স্থানে আবেদনকারীর নির্দিষ্ট ফরম্যাটে একটি রঙিন স্পষ্ট ছবি, পূর্ণ নামের বাংলায় স্বাক্ষর, ব্যক্তিগত মোবাইল নম্বর ও প্রযোজ্য ক্ষেত্রে কোটার **Choice** দিতে হবে। ভুল করে কোটার তথ্য দিলে, কোটার আসন পেলেও ভর্তি বাতিল হয়ে যাবে।

(ছ) ছবি এবং অন্যান্য তথ্য দেওয়া সম্পন্ন হলে ফরমের শেষে **Declaration** অপশনে ক্লিক করে **Save and Continue** করতে হবে।

(জ) কিছুক্ষণ সময় নিয়ে ছবি ও স্বাক্ষর আপলোড হবে এবং পরে **Dashboard** দেখা যাবে।

(ঝ) **কোটা সমূহের কীওয়ার্ড:** মুক্তিযোদ্ধার সন্তান/নাতী/নাতনী হলে কোটা (FFQ), উপজাতি কোটা (TQ), শারীরিক প্রতিবন্ধি কোটা (PDQ), পোষ্য কোটা (WQ), হরিজন ও দলিত গোষ্ঠী (HQ) এবং যুদ্ধাহত মুক্তিযোদ্ধা (DFQ)। কোটায় আবেদনকারী অনলাইনে আবেদনের সময় কোটা উল্লেখ না করলে পরবর্তীতে কোটার প্রার্থী হিসাবে গণ্য করা হবে না।

(ঞ) **Dashboard** এর শুরুতে প্রার্থীর আবেদনযোগ্য ইউনিটসমূহের তালিকা দেখা যাবে।

i. প্রতিটি ইউনিটের পাশে **Apply** বাটন থাকবে (প্রতিটি ইউনিটে আলাদাভাবে **Apply** করতে হবে), **Apply** বাটনে ক্লিক করলে ঐ ইউনিটের আবেদনের **৮১০/- (সকল চার্জসহ)** টাকা প্রদর্শন করবে।
ii. প্রার্থী যে মাধ্যমে পেমেন্ট করেছে তা সিলেক্ট করতে হবে (**শিওরক্যাশ/bKash/DBBL Rocket**)।
iii. পূর্বে পেমেন্ট করা **Transaction ID** ইনপুট দিতে হবে।
iv. তারপর **HSC/সমমান** পরীক্ষার রোল নম্বর টাইপ করতে হবে।
v. **"সাবমিট"** বাটনে ক্লিক করতে হবে।

(ট) সঠিকভাবে ফরমটি সাবমিট হলে প্রার্থীকে পেমেন্ট রিসিট দেখানো হবে এবং একটি **Confirmation SMS** রেজিস্টার্ড মোবাইল নম্বরে যাবে।

৪। **Payment** করার নিয়মঃ

**পেমেন্ট করার আগে অবশ্যই আবেদনের অনলাইন ওয়েব ঠিকানায় https://jkkniu.admission.online আবেদনকারীর যোগ্যতা যাচাই করে নিতে হবে। অন্যথায় অযোগ্য আবেদনকারীর পেমেন্ট-এর দায়ভার কর্তৃপক্ষ নিবে না।**

(ক) **শিওরক্যাশ এর মাধ্যমে-**

i. মোবাইল ব্যাংকিং একাউন্ট থেকে ***495#** ডায়াল করতে হবে।
ii. মেনু থেকে **"Payment"** অপশনে যেতে হবে।
iii. পেমেন্ট অপশনে কী-ওয়ার্ড **"JKKNIU"** লিখতে হবে।
iv. তারপর **HSC/সমমান** পরীক্ষার রোল নম্বর টাইপ করতে হবে।
v. বিশ্ববিদ্যালয় এর পক্ষ থেকে নির্ধারিত ফি **৮১০/- (সকল চার্জসহ)** টাকা টাইপ করতে হবে।
vi. পরীক্ষার্থীর মোবাইল থেকে **Payment** করতে চাইলে মোবাইল একাউন্ট এর নির্ধারিত পিন নম্বর প্রদান করুন এবং এজেন্ট একাউন্ট থেকে **Payment** করতে চাইলে পরীক্ষার্থীর মোবাইল নম্বর দিয়ে পিন নম্বর প্রদান করতে হবে।

(খ) **DBBL Rocket-এর মাধ্যমে-**

i. মোবাইল ব্যাংকিং একাউন্ট থেকে ডায়াল ***322#** করতে হবে।
ii. **"1"** ডায়াল করে **"Bill Pay"** অপশন সিলেক্ট করতে হবে।
iii. নিজের একাউন্ট থেকে পেমেন্ট করতে চাইলে **"1 ডায়াল করে Self"** অপশন সিলেক্ট করতে হবে এবং অন্যের একাউন্ট থেকে পেমেন্ট দিতে চাইলে **"2 ডায়াল করে Other"** অপশন সিলেক্ট করে **"Enter Payer Mobile No."** এর স্থলে আবেদনকারীর মোবাইল নম্বর দিতে হবে।
iv. **"JKKNIU"** এর বিল প্রদান করতে **"0"** ডায়াল করতে হবে।
v. **"Enter Biller ID"** এর স্থলে **"2464"** টাইপ করতে হবে।
vi. **"Enter Biller Number"** এর স্থলে অবশ্যই **"Applicant HSC/Equivelant Roll No."**-টি প্রদান করতে হবে।
vii. **Enter Amount-810/- (সকল চার্জসহ)**।
viii. **"Enter PIN"** এর স্থলে **"Customer"**-এর ডাচ-বাংলা মোবাইল ব্যাংকিং **"Account"** এর **"PIN"** নম্বর দিতে হবে।

(গ) **bKash-এর মাধ্যমে-**

i. ***247#** ডায়াল করতে হবে।
ii. **Payment** বেছে নিতে 3 লিখে সেন্ড করতে হবে।
iii. বিশ্ববিদ্যালয়ের বিকাশ নম্বর **01718 613788** দিয়ে সেন্ড করতে হবে।
iv. নির্ধারিত টাকার পরিমাণ **BDT 810/-(সকল চার্জসহ)** লিখে সেন্ড করতে হবে।
v. **Referance**-এ **HSC/সমমানের** পরীক্ষার রোল নম্বর টাইপ করে সেন্ড করতে হবে।
vi. কাউন্টার নম্বর **1** লিখে সেন্ড করতে হবে।
vii. প্রার্থীর গোপন পিন **(PIN)** নম্বর টাইপ করে সেন্ড করতে হবে।
viii. পেমেন্টের সময় খেয়াল রাখতে হবে প্রার্থীর পেমেন্টের পরিমাণ যেন জাতীয় কাবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত টাকার পরিমাণ ৮১০/- এর সমান হয়।

৫। **প্রবেশপত্র ডাউনলোড:**

(ক) **প্রবেশপত্র ডাউনলোড করার পদ্ধতি:**

i. আবেদন করার ওয়েব লিংকে (**https://jkkniu.admission.online**) প্রবেশ করে "লগইন" বাটনে ক্লিক করতে হবে।

ii. পেইজে আবেদনকারীর **HSC/সমমানের** পরীক্ষার রোল নম্বর, পাশের সাল ও বোর্ডের নাম এবং **SSC/সমমানের** পরীক্ষার রোল নম্বর প্রদান করে **"অগ্রসর হোন"** বাটনে ক্লিক করতে হবে।

iii. প্রতিটি ইউনিটের পাশে **Download** বাটন থাকবে। এই বাটনে ক্লিক করে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে।

(খ) ডাউনলোড করা প্রবেশপত্রটি ০২ কপি রঙিন প্রিন্ট করতে হবে এবং পরীক্ষার হলে নিয়ে আসতে হবে। প্রবেশপত্র দুইটি হল পরিদর্শক কর্তৃক স্বাক্ষরিত হওয়ার পর ০১ কপি পরীক্ষার সময়ে পরিদর্শককের কাছে জমা দিতে হবে এবং অপর কপি নিজের কাছে সংরক্ষণ করতে হবে।

৬। ভর্তি পরীক্ষা সংক্রান্ত যে কোন তথ্যের জন্য **হেলপ লাইন নম্বর ঃ ০১৭০৮ ১৬৬০৩৮ এবং ০১৭০৮ ১৬৬০৩৯।**

৭। **ভর্তি পরীক্ষার আসন বিন্যাস: আসন বিন্যাস হওয়ার পর প্রার্থীদের SMS-এর মাধ্যমে ও ওয়েবসাইটে নোটিশের মাধ্যমে প্রবেশপত্র ডাউনলোড করার তারিখ জানিয়ে দেওয়া হবে।**

৮। **বিভিন্ন ইউনিটের আবেদন ফি:** সকল ইউনিটের জন্য ৮১০/- (সকল চার্জসহ)।

৯। **ভর্তি পরীক্ষা সংক্রান্ত তথ্যাবলি:** A, B, C, D ও E ইউনিটের ১০০ নম্বরের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। ক) MCQ ৭৫ নম্বরের মধ্যে যারা ন্যূনতম ৩০ নম্বর এবং কোটার ক্ষেত্রে ২৫ নম্বর পবে শুধুমাত্র তাদেরই লিখিত পরীক্ষার খাতা মূল্যায়ন করা হবে। খ) সকল ইউনিটের ক্ষেত্রে লিখিত ২৫ নম্বরের মধ্যে ন্যূনতম ১০ নম্বর এবং কোটার ক্ষেত্রে ০৮ নম্বর পেতে হবে। E ইউনিটের ৫০ নম্বর ব্যবহারিক পরীক্ষায় ন্যূনতম ২০ নম্বর এবং কোটার ক্ষেত্রে ১৭ নম্বর পেতে হবে। MCQ ৭৫ নম্বরের পরীক্ষায় প্রতিটি প্রশ্নের নম্বর ১ তবে প্রতিটি ভুল উত্তরের জন্য ০.২৫ নম্বর কাটা যাবে।
**নম্বর বণ্টন নিম্নরূপ:**

| ইউনিট | MCQ-পরীক্ষার বিষয় ও নম্বর | লিখিত পরীক্ষার বিষয় ও নম্বর |
|---|---|---|
| A | বাংলা ৩০, ইংরেজি ৩০, সাধারণ জ্ঞান-১৫ | বাংলা-১০, ইংরেজি-১৫ |
| B | গণিত- ২৫, পদার্থ-২৫, রসায়ন-১৫, ইংরেজি-১০ | বাংলা-০৫, ইংরেজি-০৫, পদার্থ বিজ্ঞান-০৫, গণিত-০৫, রসায়ন-০৫ |
| C | **'ক' অংশ (আবশ্যিক, সকল গ্রুপের জন্য প্রযোজ্য)**<br>(১) বাংলা-১০ (২) ইংরেজি-২০ (৩) গণিত-১৫<br>**'খ' অংশ (শুধুমাত্র ব্যবসায় গ্রুপের জন্য প্রযোজ্য)**<br>(১) ব্যবসায় নীতি ও প্রয়োগ-১৫ (২) হিসাববিজ্ঞান-১৫।<br>**'গ' অংশ (ব্যবসায় ব্যতীত অন্যান্য গ্রুপের জন্য প্রযোজ্য)** সাধারণ জ্ঞান-৩০ | বাংলা-০৮, ইংরেজি-০৯, গণিত-০৮ |
| D | বাংলা-১৫, ইংরেজি-২৫, গণিত-০৫, সাধারণ জ্ঞান (বাংলাদেশ)-১০, সাধারণ জ্ঞান (আন্তর্জাতিক)-১০, আই. সি. টি-০৫, বিষয় ভিত্তিক-০৫ | ভাষান্তর-১০, অনুচ্ছেদ শুদ্ধিকরণ-১০, সাম্প্রতিক অনুচ্ছেদ-০৫ |
| E | বাংলা-২০, ইংরেজি-১৫, বিষয় ভিত্তিক সাধারণ জ্ঞান-৪০ (সঙ্গীত-১০, চারুকলা-১০, নাট্যকলা-১০, ফিল্ম অ্যান্ড মিডিয়া-১০) | বাংলা (বর্ণনামূলক)-১৫, ইংরেজি (বর্ণনামূলক)-১০ |

১০। i. ভর্তি পরীক্ষার প্রাপ্ত নম্বরের সঙ্গে এস.এস.সি/দাখিল/সমমান ও এইচ.এস.সি/আলিম/সমমান পরীক্ষার ৪র্থ বিষয়সহ প্রাপ্ত জিপিএ-র সঙ্গে নিচের নিয়মানুযায়ী গুণ করে সর্বোচ্চ যথাক্রমে ১২ ও ১৮ নম্বর যোগ করতে হবে। জিপিএ এর ক্ষেত্রে নম্বর যোগ করার নিয়ম নিম্নরূপ:

এস.এস.সি তে প্রাপ্ত জিপিএ ............... X২.৪ =

এইচ.এস.সি তে প্রাপ্ত জিপিএ ............. X৩.৬ =

ii. 'ও' লেভেল এবং 'এ' লেভেল পরীক্ষায় প্রাপ্ত লেটার গ্রেডের গ্রেড পয়েন্ট অনুরূপভাবে জিপিএ হিসেবে ব্যবহার করতে হবে।

১১। **কোটায় ভর্তির ক্ষেত্রে ইউনিটের বিভাগীয় শর্ত প্রযোজ্য নয়।**

১২। **আবেদন করার সময়সীমা:** ০১/১০/২০১৯ থেকে ৩১/১০/২০১৯ তারিখ রাত ১২.০০ ঘটিকা পর্যন্ত।

১৩। **ভর্তি পরীক্ষার তারিখ:**

| ইউনিট | তারিখ | বার | পরীক্ষার সময়সূচি |
|---|---|---|---|
| **A** | ১৭/১১/২০১৯ | রবিবার | **বিস্তারিতভাবে পরবর্তীতে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে** |
| **B** | ১৮/১১/২০১৯ | সোমবার | |
| **C** | ১৯/১১/২০১৯ | মঙ্গলবার | |
| **D** | ২০/১১/২০১৯ | বুধবার | |
| **E** | ২১/১১/২০১৯ | বৃহস্পতিবার | |

১৪। কোটায় আসন সংখ্যা:

| ইউনিট | মুক্তিযোদ্ধা (৫%) | প্রতিবন্ধী (১%) | আদিবাসী (৩%) | পোষ্য (১%) | যুদ্ধাহত মুক্তিযোদ্ধা (১%) | হরিজন ও দলিত গোষ্ঠী (১%) | মোট আসন |
|---|---|---|---|---|---|---|---|
| **A** | ৮ | ২ | ৫ | ২ | ২ | ২ | ২১ |
| **B** | ৮ | ২ | ৫ | ২ | ২ | ২ | ২১ |
| **C** | ১০ | ২ | ৬ | ২ | ২ | ২ | ২৪ |
| **D** | ২০ | ৪ | ১২ | ৪ | ৪ | ৪ | ৪৮ |
| **E** | ৮ | ২ | ৫ | ২ | ২ | ২ | ২১ |
| সর্বমোট | ৫৪ | ১২ (কোন বিভাগে একজনের অধিক নয়) | ৩৩ | ১২ (কোন বিভাগে একজনের অধিক নয়) | ১২ (কোন বিভাগে একজনের অধিক নয়) | ১২ (কোন বিভাগে একজনের অধিক নয়) | ১৩৫ |

১৫। মেধাক্রম:

ক) মেধাস্কোরের ভিত্তিতে নির্ণীত মেধাক্রম অনুযায়ী উত্তীর্ণ প্রার্থীদের মেধা তালিকা নির্দিষ্ট সময়ে বিজ্ঞপ্তির মাধ্যমে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট এবং স্ব-স্ব বিভাগের নোটিশ বোর্ডের মাধ্যমে জানানো হবে। মেধাতালিকা ঘোষণার পর এই নির্দেশিকায় বর্ণিত শর্ত পূরণ সাপেক্ষে মেধাস্কোর ক্রম অনুযায়ী প্রার্থীদের বিভিন্ন বিভাগে ভর্তির জন্য প্রাথমিক মনোনয়ন দেয়া হবে। মনোনীত প্রার্থীদের নির্দেশিত সময়ে মাধ্যমিক/দাখিল/সমমান এবং উচ্চ মাধ্যমিক/আলিম বা সমমানের পরীক্ষার মূল গ্রেডশীট যাচাইয়ের পর প্রার্থীদের সংশ্লিষ্ট বিভাগে ভর্তির জন্য চূড়ান্ত মনোনয়ন দেয়া হবে। নির্দেশিত সময়ের মধ্যে মূল গ্রেডশীট জমা না দিলে প্রার্থীর ভর্তির এই মনোনয়ন স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে ও প্রার্থীকে আসন বন্টন তালিকা থেকে বাদ দেয়া হবে এবং মেধাক্রম অনুযায়ী পরবর্তী প্রার্থীকে বিভাগের শর্তপূরণ সাপেক্ষে এই শূন্য আসনে ভর্তির জন্য মনোনয়ন দেয়া হবে।

খ) ভর্তি পরীক্ষায় কৃতকার্য শিক্ষার্থীদের মধ্যে থেকে মেধা অনুসারে সাক্ষাৎকারের জন্য ডাকা হবে। সাক্ষাৎকার বোর্ড পরীক্ষার্থীর লিখিত পরীক্ষার ফলাফল মোতাবেক প্রার্থীর যোগ্যতা যাচাই করে সন্তুষ্ট হলে প্রার্থী ভর্তির যোগ্য বলে বিবেচিত হবে। সাক্ষাৎকারে কোন পরীক্ষার্থী অনুপস্থিত থাকলে বা অযোগ্য বিবেচিত হলে, সৃষ্ট শূন্য আসনগুলো পূরণের উদ্দেশ্যে অপেক্ষমান মেধা তালিকা থেকে প্রয়োজনীয় সংখ্যক প্রার্থীকে পুনরায় মেধাক্রম অনুসারে সাক্ষাৎকারের জন্য ডাকা হবে।

১৬। সাক্ষাতকার গ্রহণের দিনে শিক্ষার্থীকে নিম্নোক্ত ধাপ অনুসরণ করে নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

| | |
|---|---|
| (১) | ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার রঙিন এডমিট কার্ড প্রদর্শন সাপেক্ষে সংশ্লিষ্ট ইউনিট থেকে ভর্তির মূল আবেদন পত্র নির্ধারিত সময়ের মধ্যে সংগ্রহ করতে হবে। |
| (২) | নির্বাচিত শিক্ষার্থীদের নিজ হাতে মূল ভর্তি ফরম পূরণ করে ভর্তির প্রয়োজনীয় সনদপত্রসমূহের (মাধ্যমিক/দাখিল/সমমান পরীক্ষার সনদপত্র ও নম্বর পত্র, উচ্চ মাধ্যমিক/আলিম/সমমান 'ও'লেভেল/'এ' লেভেল পরীক্ষার মূলনম্বর পত্র ও সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসাপত্র), ০৩ (তিন) সেট সত্যায়িত ফটোকপিসহ মূল সনদপত্র সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের দপ্তরে নির্ধারিত সময়ের মধ্যে জমা দিতে হবে। **(ন্যূনতম ০৬ কপি সত্যায়িত রঙিন ছবি সঙ্গে নিয়ে আসতে হবে।)** |
| (৩) | সংশ্লিষ্ট বিভাগীয় প্রধান প্রয়োজনীয় মূল সনদপত্রসমূহ পরীক্ষা করে প্রার্থীর সাথে ভর্তির মূল আবেদনপত্রের সাথে সংযুক্ত ছবি ও প্রার্থীর চেহারা এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রার্থীর স্বাক্ষর মিলিয়ে সত্যতা নিশ্চিত হয়ে মূল ভর্তি ফরম স্বাক্ষর করবেন। |
| (৪) | ভর্তির জন্য নির্বাচিত ছাত্র-ছাত্রীরা ভর্তির মূল আবেদনপত্রে সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের স্বাক্ষরের পর অনুষদীয় ডীন ও হল প্রাধ্যক্ষের সুপারিশ নিয়ে নির্ধারিত ভর্তি ফি ব্যাংকে জমা দিয়ে ফরমের নির্ধারিত স্থানে ব্যাংক কর্মকর্তার স্বাক্ষরসহ প্রশাসনিক ভবনে রেজিস্ট্রার অফিসের একাডেমিক শাখায় জমা দিতে হবে। |
| (৫) | নির্ধারিত সময়ের মধ্যে ভর্তি হতে ব্যর্থ হলে প্রার্থীর ভর্তির অধিকার বাতিল হবে। |
| (৬) | ভর্তিকৃত শিক্ষার্থীদের মধ্যে পরবর্তীতে যে কোন সময় ভর্তি সংক্রান্ত কোন তথ্য যেমন সনদপত্র, নম্বরপত্র এবং প্রশংসাপত্র ভুয়া বা জাল প্রমাণিত হলে তার ভর্তি তাৎক্ষণিক বাতিল হবে। |

১৭। ভর্তি কার্যক্রম:

| | |
|---|---|
| আবেদনপত্র গ্রহণ | ০১ অক্টোবর ২০১৯ থেকে ৩১ অক্টোবর ২০১৯ তারিখ রাত ১২.০০ টা পর্যন্ত। |
| ভর্তি পরীক্ষা | ১৭ নভেম্বর ২০১৯ থেকে ২১ নভেম্বর ২০১৯ পর্যন্ত |
| ভর্তি পরীক্ষার স্থান | বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস |

১৮। ভর্তি পরীক্ষা সংক্রান্ত সামগ্রিক তথ্যাবলি www.jkkniu.edu.bd ওয়েবসাইট-এ ভর্তি নির্দেশিকা থেকে পাওয়া যাবে। তাছাড়া বিজ্ঞপ্তিতে কোন প্রকার অসংগতি থাকলে তা সংশোধন করে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রদান করা হবে। ভর্তি সংক্রান্ত প্রয়োজনীয় যেকোন হালনাগাদ তথ্যের জন্য বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ভিজিট করার পরামর্শ প্রদান করা হল।

**১৯। ভর্তির জন্য প্রদেয় ফি ও আনুষঙ্গিক ব্যয়:**

| | B ও E ইউনিট | A, C ও D ইউনিট |
|---|---|---|
| ভর্তি ফি (এককালীন) (ভর্তি+সেশন) | ২,২০০/- | ২,২০০/- |
| বেতন (প্রতি সেমিস্টার) | ৬০০/- | ৬০০/- |
| পরিবহন ফি | ৩০০/- | ৩০০/- |
| নিবন্ধন ফি (এককালীন) | ১,৫০০/- | ১,৫০০/- |
| খেলাধূলা | ১৫০/- | ১৫০/- |
| ছাত্র-ছাত্রী কল্যাণ তহবিল | ১৫০/- | ১৫০/- |
| সাংস্কৃতিক তহবিল | ৩০০/- | ৩০০/- |
| মেডিক্যাল ফি | ১৫০/- | ১৫০/- |
| ধর্মীয় অনুষ্ঠান তহবিল | ২৫/- | ২৫/- |
| সহায়ক তহবিল | ৩০০/- | ৩০০/- |
| পরিবহন অবকাঠামো উন্নয়ন (এককালীন) | ১,৫০০/- | ১,৫০০/- |
| বিশ্ববিদ্যালয় উন্নয়ন ফি (এককালীন) | ৩,০০০/- | ৩,০০০/- |
| গ্রন্থাগার জামানত ফি (এককালীন) | ৫০০/- | ৫০০/- |
| ল্যাব ব্যবহার | ২৫০/- | - |
| পরীক্ষা ফি (প্রতি সেমিস্টার) | ৫০০/- | ৫০০/- |
| পরিচয়পত্র (বাৎসরিক) | ৭৫/- | ৭৫/- |
| গ্রন্থাগার কার্ড | ৫০/- | ৫০/- |
| নবীনবরণ ফি | ১০০/- | ১০০/- |
| ট্রান্সক্রিপ্ট (প্রতি সেমিস্টার) / সার্টিফিকেট ফি | ১৫০/- | ১৫০/- |
| প্রেসক্রিপসন/ হেলথ কার্ড | ৫০/- | ৫০/- |
| গ্রন্থাগার উন্নয়ন | ৫০০/- | ৫০০/- |
| বিএনসিসি ফি | ৪০/- | ৪০/- |
| মোট= | ১২,৩৯০/- | ১২,১৪০/- |

**২০। হলের জন্য প্রদেয় ফি: (সকল অনুষদের জন্য প্রযোজ্য)**

| | |
|---|---|
| ছাত্র কল্যাণ ফি | ৫০/- |
| ক্রীড়া ও সাংস্কৃতিক ফি | ২০০/- |
| হল ম্যাগাজিন ফি | ১০০/- |
| কমনরুম ফি | ১০০/- |
| হল সংযোজন ফি | ৭০০/- |
| মোট= | ১,১৫০/- |

**২১। বিভাগ কর্তৃক আদায়কৃত ফি: (সকল অনুষদের জন্য প্রযোজ্য)**

| | |
|---|---|
| সেমিনার লাইব্রেরী ফি | ১,০০০/- |
| একাডেমিক ক্যালেন্ডার ও সিলেবাস ফি | ১৫০/- |
| বিভাগ উন্নয়ন ফি | ৮৫০/- |
| মোট= | ২,০০০/- |

# ভর্তি নির্দেশিকা

শিক্ষাবর্ষ ঃ ২০১৯-২০২০

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়, ত্রিশাল, ময়মনসিংহ।



# Admission Guide

Session: 2019-2020

Jatiya Kabi Kazi Nazrul Islam University, Trishal, Mymensingh.

www.jkkniu.edu.bd



প্রসপেক্টাসে বর্ণিত ভর্তি সংক্রান্ত তথ্যের জন্য যোগাযোগ:

প্রফেসর ড. মোঃ নজরুল ইসলাম, সভাপতি

এবং কৃষিবিদ ড. মোঃ হুমায়ুন কবীর, রেজিস্ট্রার (ভারপ্রাপ্ত) ও সদস্য-সচিব

প্রসপেক্টাস উপ-কমিটি ২০১৯-২০২০

জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়

প্রকাশকাল: সেপ্টেম্বর ২০১৯